গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

# জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির ১৮ তম সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আবদুল হালিম
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ০৭ নভেম্বর ২০১৯, খ্রি.
সময় : বিকাল ০৩.০০ টা
স্থান : শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ সালাউদ্দিন পরিচালক, এনপিও জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির কার্যপত্র সভায় উপস্থাপন করেন।

অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র নং | আলোচ্যসূচি | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ | গত ২২ আগস্ট, ২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৭তম সভার কার্য-বিবরণী উপস্থাপন করা হয়। এতে কোন সংশোধনী না থাকায় কার্য-বিবরণীটি দৃঢ় করা যেতে পারে মর্মে সকলে মত প্রকাশ করেন। | বিগত ১৭তম সভার কার্যবিবরণী দৃঢ় করা হয়। | |
| ২। | এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত | সভায় জানানো হয় যে, এনপিও দপ্তরকে ডিজি অফিসে রূপান্তরের বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক সুনির্দিষ্ট কর্মকান্ডের উপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। | এনপিও দপ্তরকে ডিজি অফিসে রূপান্তরের বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক সুনির্দিষ্ট কর্মকান্ডের উপর আগামী ২৩ ডিসেম্বর, ২০১৯ এর মধ্যে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়<br>(খ) পরিচালক, এনপিও |
| ৩। | এনপিও'র জন্য বরাদ্দকৃত জায়গায় ভবন নির্মাণ সংক্রান্ত | সভায় জানানো হয় যে, অ্যাটর্নি জেনারেল (AG) / ডেপুটি অ্যাটর্নি জেনারেল (DAG) অফিসের সাথে সর্বাত্মক ও কার্যকরী যোগাযোগের মাধ্যমে দ্রুত মামলা নিষ্পত্তি করে ভবনের নির্মাণ বাস্তবায়ন নিশ্চিত করা এবং বেসরকারি আইনজীবী নিয়োগ এবং আর্থিক সহযোগিতার জন্য এসএমই ফাউন্ডেশন বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। সভাপতি অ্যাটর্নি অফিসে ব্যক্তিগত যোগাযোগ করার পরামর্শ দেন। | ১। অ্যাটর্নী জেনারেল অফিসের সাথে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে দ্রুত মামলা নিষ্পত্তি করে ভবনের নির্মাণ কাজ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>২। বেসরকারি আইনজীবী নিয়োগের বিষয়ে এসএমই ফাউন্ডেশনের সাথে যোগাযোগ ও পত্র প্রেরণ করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়<br>(খ) পরিচালক, এনপিও<br>(গ) রেজিস্ট্রার, ডিপিডিটি<br>(ঘ) ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন |

-৭৬-

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | এনপিওকে একটি দক্ষ পেশাদারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কারিগরি প্রকল্প গ্রহণ | সভায় পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণকৃত এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে "উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির ফলোআপ করার বিষয়ে আলোচনা হয় । | পরিকল্পনা কমিশনে প্রেরণকৃত এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে "উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির ফলোআপ করতে হবে । | (ক) পরিচালক, এনপিও<br>(খ) যুগ্ম-প্রধান শিল্প মন্ত্রণালয় |
| ৫। | এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের **Technical Expert Service (TES)** সেবা গ্রহণ | সভায় জানানো হয় যে, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের (এনপিও) ও বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন এর উদ্যোগে গত ০৩-০৫ সেপ্টেম্বর ২০১৯ সালে এপিও কর্তৃক Technical Expert Service (TES) কর্মসূচি বাস্তবয়ন করা হয়েছে । এছাড়াও এপিও হতে আগত Expert এনপিও'র পেশাজীবীদের দক্ষতা বৃদ্ধিকল্পে আগামী ২৪-২৮ নভেম্বর, ২০১৯ তারিখে Knowledge Management এর উপর ০৫দিনের প্রশিক্ষণ পরিচালনা করবেন এবং আগামী ০৯-১৩ ডিসেম্বর, ২০১৯ তারিখে Labour Management Cooperation (LMC) এর উপর এপিও হতে আগত Expert এনপিও'র পেশাজীবীদের দক্ষতা বৃদ্ধিকল্পে ০৫দিনের প্রশিক্ষণ পরিচালনা করবেন।<br><br>সভাপতি এ প্রসঙ্গে আগামী ২০২০ সালে এপিও কর্তৃক Technical Expert Service (TES) সেবা গ্রহণের জন্য বিভিন্ন ট্রেডবডি ও এসোসিয়েশন, সরকারি প্রতিষ্ঠান এবং বেসরকারি শিল্প/সেবা প্রতিষ্ঠানকে এনপিও কর্তৃক পত্র প্রেরণ করার উপর গুরুত্বারোপ করেন। | আগামী ২০২০ সালে এপিও কর্তৃক Technical Expert Service (TES) সেবা গ্রহণের জন্য এনপিও কর্তৃক পত্র প্রেরণ করতে হবে । | পরিচালক, এনপিও |
| ৬।। | সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর | সভায় জানানো হয় যে, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য মন্ত্রণালয় থেকে অনুমতি পাওয়া গেছে এবং আজ সভার পরে এনপিও এবং ডিসিসিআই এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হবে।<br>এনপিও কর্তৃক বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ (এলএফএমইএবি) এর নিকট সমঝোতা স্মারকের খসড়া প্রেরণ করা হয়েছে এবং ব্যক্তিগত ভাবে যোগাযোগ অব্যাহত রয়েছে ।<br>এনপিও এবং ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করায় সভাপতি ডিসিসিআই কে এনপিও, শিল্প মন্ত্রণালয়ের পক্ষ হতে অভিনন্দন জানান । | উৎপাদনশীলতা উন্নয়নে অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য অ্যাসোসিয়েশনসমূহের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করতে হবে। | পরিচালক, এনপিও |
| ৭। | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ | সভায় জানানো হয় যে, এনপিও কর্তৃক প্রস্তুতকৃত Contentটি এসএসসি ও দাখিল (ভোকেশনাল) নবম-দশম শ্রেণীর কারিকুলাম ও পাঠ্যপুস্তকে "উৎপাদনশীলতার ধারণা" আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ বইটিতে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবিতে) প্রেরণ করা হয়েছিল । তদানুযায়ী জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ হতে বিষয়টি ২০২১ শিক্ষাবর্ষে প্রকাশিতব্য পাঠ্যপুস্তকে "উৎপাদনশীলতার ধারণা" নামক অধ্যায় সংযোজনের বিষয়টি বোর্ডের বিবেচনাধীন আছে। সভায় আরো জানানো হয় যে, ২০২১ সালের বইয়ে সংশ্লিষ্ট পান্ডুলিপি প্রকাশের জন্য শিল্প | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে "উৎপাদনশীলতা" বিষয়টি অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়<br>(খ) পরিচালক, এনপিও |

-৭২-

| | | | | |
|---|---|---|---|---|
| | | মন্ত্রণালয় হতে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডকে গত ২৩/১০/২০১৯ তারিখ পুনরায় পত্র দিয়ে অনুরোধ করা হয়েছে । সভাপতি ২০২১ সালের বইয়ে সংশ্লিষ্ট পান্ডুলিপি প্রকাশের জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর সাথে যোগাযোগ রাখার জন্য এনপিও'র পরিচালক কে পরামর্শ প্রদান করেন । | | |
| ৮। | এনপিও'র সহায়তায় শিল্প মন্ত্রণালয় দশ বছর মেয়াদী **Bangladesh National Productivity Master Plan 2021-2030** প্রণয়ন | সভায় জানানো হয় যে, জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা বাড়াতে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের (এপিও)'র সহায়তায় এনপিও, শিল্প মন্ত্রণালয় দশ বছর মেয়াদী Bangladesh National Productivity Master Plan 2021-2030 প্রণয়ন করা হয়েছে । উক্ত Master Planটি বাস্তবায়নের জন্য শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) কে আহবায়ক করে ১৬ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। তদানুযায়ী এ কার্যক্রমের বাস্তবায়ন সম্পূরক হিসেবে আগামী ১১-১৭ নভেম্বর ২০১৯ APO হতে ০২ জন বিশেষজ্ঞ বাংলাদেশে আসবেন । প্রতিনিধি দল এনপিও, শিল্প মন্ত্রণালয় ও বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে আলোচনা করে NPO এর Institutional Capability Building এর কার্যক্রম বাস্তবায়ন করবেন।<br><br>সভাপতি বলেন, Bangladesh National Productivity Master Plan 2021-2030 যথাযথভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে যে কমিটি দায়িত্বে থাকবে সে কমিটির সকল সদস্যদেরকে নিয়ে একটি কর্মশালা আয়োজন করার উপর গুরুত্বারোপ করেন । এছাড়াও এনপিও এবং মন্ত্রণালয়ের যে উইং দায়িত্বে থাকবে সে উইং এর প্রশাসনিক কর্মকর্তা থেকে অতিরিক্ত সচিব পর্যন্ত সবাই কর্মশালায় অংশগ্রহণ করবে । এ Master Plan কে বাস্তবায়নের লক্ষ্যে একটি Action Plan এ কনভার্ট করে একটি ম্যাট্রিক্স এ নিয়ে এসে যুগোপযোগী করে তৈরী করার পরামর্শ দেন । | ক) Bangladesh National Productivity Master Plan 2021-2030 বাস্তবায়ন করার জন্য এনপিও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক Master Plan কে একটি Action Plan এ কনভার্ট করে একটি ম্যাট্রিক্স আগামী ৩১ মার্চ ২০২০ তারিখের মধ্যে তৈরি করতে হবে।<br><br>খ) Bangladesh National Productivity Master Plan 2021-2030 বাস্তবায়ন করার জন্য এনপিও ও মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলকে নিয়ে আগামী ২৯ ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে কর্মশালার আয়োজন করতে হবে । | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়<br><br>(খ) পরিচালক, এনপিও |
| ৯। | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯ প্রদান করা | সভায় জানানো হয় যে, **"ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯"** প্রদান করার লক্ষ্যে গত ১৫-০৯-২০১৯ তারিখে এনপিও'র ওয়েবসাইটে www.npo.gov.bd প্রকাশিত হয়েছে। অ্যাওয়ার্ড সংক্রান্ত বিজ্ঞপ্তিটি গত ১৮-০৯-২০১৯ তারিখের "দৈনিক কালের কন্ঠ", "দৈনিক বাংলাদেশের খবর","দৈনিক যুগান্তর", "দৈনিক ভোরের কাগজ" ও "The Asian Age" পত্রিকায় প্রকাশ করা হয়েছে। আবেদনপত্র জমা দেওয়ার সর্বশেষ তারিখ ১৫ জানুয়ারি, ২০২০। এছাড়াও সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, নাসিবের আঞ্চলিক অফিস ও বিসিকে আঞ্চলিক অফিস বরাবর পত্রিকার বিজ্ঞপ্তিটি প্রেরণ করা হয়েছে ।<br><br>ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এর ব্যাপক প্রচারনার অংশ হিসেবে বিভাগীয় শহরে "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯" সংক্রান্ত কর্মশালা আয়োজন করার জন্য বিভিন্ন ট্রেডবডির নিকট প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং কর্মশালা বাস্তবায়নের লক্ষ্যে ব্যক্তিগতভাবে | (ক) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এর ব্যাপক প্রচারের অংশ হিসেবে বিভিন্ন জাতীয় পত্রিকা, আঞ্চলিক পত্রিকা ও online পত্রিকায় পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে ।<br><br>(খ) এনপিও এবং নাসিবের যৌথ উদ্যোগে ঢাকা, রাজশাহী, যশোর, চট্টগ্রাম ৪টি বিভাগীয় শহরে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড | (ক) পরিচালক, এনপিও<br><br>(খ) সভাপতি, নাসিব |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যোগাযোগ করা হচ্ছে।<br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এর ব্যাপক প্রচারনার অংশ হিসেবে বিভাগীয় কমিশনার অফিস, জেলা প্রশাসকের কার্যালয়, ব্যবসায়িক সংগঠন, আঞ্চলিক অফিসসহ অঞ্চলভিত্তিক কর্মশালার আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ প্রদান করেন।<br>এ প্রসঙ্গে নাসিবের সভাপতি মির্জা নুরুল গণি শোভন বলেন, দেশব্যাপী প্রচারনার অংশ হিসেবে প্রাথমিক পর্যায়ে বিভিন্ন বিভাগীয় শহরে অ্যাওয়ার্ড সংক্রান্ত কর্মশালা আয়োজন করা হলে তৃণমূল পর্যায়ে শিল্প উদ্যোক্তা ও শিল্প/সেবা প্রতিষ্ঠান অনুপ্রানিত হবে। তিনি নাসিবের উদ্যোগে **ঢাকা, রাজশাহী, যশোর, চট্টগ্রাম ৪টি বিভাগীয় শহরে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯ এর আবেদন ফরম পূরণের উপর কর্মশালা আয়োজন করবে** মর্মে মতামত ব্যক্ত করেন।<br>সভাপতি বলেন **ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড** একটি জাতীয় পর্যায়ের অ্যাওয়ার্ড কিন্তু সাধারনতঃ আবেদন করেন গুটিকয়েক প্রতিষ্ঠান। তিনি দৈনিক পত্রিকা, ইন্টারনেট-অনলাইনসহ সকল মাধ্যমে পুনরায় বিজ্ঞাপন প্রকাশ করার নির্দেশ প্রদান করেন। এছাড়াও এনপিও এবং শিল্প মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত বিভিন্ন অ্যাসোসিয়েশনের সদস্যকে বিষয়টি জানানো পরামর্শ প্রদান করেন। | কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯ এর আবেদন ফরম পূরণের উপর কর্মশালা আয়োজন করতে হবে। | |
| ১০। | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানগণকে সরকারি সুযোগ সুবিধা বৃদ্ধিকরণ | মন্ত্রিপরিষদ বিভাগ এবং বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয় হতে উল্লিখিত নীতিমালার উপর প্রাপ্ত মতামত সংযোজন করে পুনরায় গত ০৮-০৮-২০১৯ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।<br>আন্তঃ মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত মোতাবেক ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এর খসড়া নীতিমালা ২০১৯ চূড়ান্তকরণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মতামত সংগ্রহের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় হতে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। খসড়া নীতিমালা ২০১৯ এর উপর মতামত প্রেরণের বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।<br>এনপিও পরিচালক বলেন, "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড" সংক্রান্ত খসড়া নীতিমালাটি চূড়ান্তকরণের জন্য একটি টাইমফ্রেম করার প্রস্তাব করেন।<br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এর নীতিমালা ০১ (এক) মাসের মধ্যে চূড়ান্তকরণের জন্য এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন। | (ক) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এর নীতিমালাটি চূড়ান্তকরণের লক্ষ্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এর নীতিমালাটি ডিসেম্বর ২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়<br>(খ) পরিচালক, এনপিও |
| ১১। | এনপিও এর ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ | সভায় জানানো হয় যে, এনপিও কর্তৃক প্রকাশিত ষাণ্মাসিক এনপিও বার্তা'র ৫ম সংখ্যা (জানুয়ারি-জুন ২০১৯) এর প্রাথমিক কাজ সম্পন্ন করে বিজি প্রেসে প্রেরণ করা হয়েছিল। কিন্তু বিজি প্রেসের টেকনিক্যাল সমস্যা থাকায় ব্যক্তি মালিকানাধীন প্রেস হতে মুদ্রণের জন্য এনপিও কে পত্র প্রেরণ করেছে এবং চূড়ান্ত মুদ্রণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। | উৎপাদনশীলতা বিষয়ে বিভিন্ন লেখাসহ নিয়মিতভাবে ষাণ্মাসিক এনপিও বার্তা প্রকাশ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করতে হবে। | পরিচালক, এনপিও |

৭০

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভাপতি এনপিও কর্তৃক প্রকাশিত ষাণ্মাসিক এনপিও বার্তা'র ৫ম সংখ্যা মুদ্রণের কার্যক্রম দ্রুততার সহিত শেষ করার পরামর্শ প্রদান করেন। | | |
| ১২। | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সার্বিক কর্মকান্ডের তথ্যাদি বিষয়ক | সভায় জানানো হয় যে, এনপিও শিল্প মন্ত্রণালয় কর্তৃক ০২টি গবেষণা কার্যক্রম পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গবেষণা কার্যক্রমসমূহ নিম্নরূপ:<br>**১। এনপিও'র প্রশিক্ষণ পরবর্তী গবেষণা**<br>এনপিও'র কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানের প্রশিক্ষণের ফলাফল নিরূপণের লক্ষ্যে গবেষণা কার্যক্রমটি একজন বিশেষজ্ঞের তত্ত্বাবধানে এনপিও'র কর্মকর্তাদের সমন্বয়ে বাস্তবায়িত হবে। এ লক্ষ্যে বিশেষজ্ঞ নিয়োগের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>**২। চামড়া শিল্পের উপর গবেষণা**<br>বাংলাদেশ লেদার সেক্টরে **" Bangladesh Leather Sector- Condition Challenges and Strategies"** শীর্ষক গবেষণা প্রস্তাবটির অনুকূলে মন্ত্রণালয়ের গবেষণা প্রস্তাবের ব্যয় বিভাজন পর্যালোচনা ও যৌক্তিকিকরণ সংক্রান্ত সভায় মন্ত্রণালয়ের বাজেট থেকে ৩লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব অনুমোদন করা হয়েছে। গবেষণার জন্য প্রয়োজনীয় অতিরিক্ত অর্থ এনপিও'র গবেষণা খাত থেকে নির্বাহ করা হবে। উক্ত সভায় অনুমোদিত বরাদ্দের আলোকে ব্যয়বিভাজনসহ গবেষণা প্রস্তাব গত ১৭/০৯/২০১৯ তারিখে মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের অনুমোদনের পর ০১জন বিশেষজ্ঞ নিয়োগ করে এনপিও'র কর্মকর্তাদের সমন্বয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করা হবে।<br>সভায় জানানো হয় যে, এনপিও'র উদ্যোগে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনে গত ১৯-২০ জুন, ২০১৯ তারিখে MFCA বাস্তবায়নের উপর দুইদিনের একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। MFCA বাস্তবায়নের জন্য BSFIC'র আওতাধীন ০৩টি প্রতিষ্ঠানকে প্রাথমিকভাবে চিহ্নিত করা হয়েছে। তাছাড়াও গত সেপ্টেম্বর মাসে একটি Proposal তৈরী করে APO তে প্রেরণ করা হলে APO নীতিগতভাবে MFCA বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং APO কর্তৃক Sugar Expert অনুসন্ধানের কার্যক্রম অব্যাহত আছে। APO এর কার্যক্রমের জন্য Project Implementation Plan (PIP) তৈরী করছে। Sugar Expert প্রাপ্তির সাপেক্ষে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনে MFCA প্রজেক্ট বাস্তবায়িত হবে।<br><br>সভাপতি বলেন, এনপিও কর্তৃক পরিচালিত গবেষণায় কি কি বিষয় থাকবে এবং গবেষণালব্ধ বিষয় থেকে আমরা কি কি জানতে চাই তার উদ্দেশ্য ঠিক করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের আলোকপাত করেন। তিনি পরিচালিত গবেষণা কার্যক্রমের গ্রহণযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে এমন বিশেষজ্ঞ নিয়োগ করতে হবে যাতে সঠিক Recommendation বের হয়ে আসে। তিনি বিশেষজ্ঞ নিয়োগের ক্ষেত্রে রেফারেন্স হিসেবে বেসরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি সরকারি গবেষণা প্রতিষ্ঠান International Finance Corporation | (ক) গবেষণার জন্য IFC এর মত প্রতিষ্ঠান থেকে মতামত গ্রহন করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করতে হবে।<br>(খ) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন উক্ত ৩টি প্রতিষ্ঠানে MFCA বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (ক) চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন<br><br>(খ) পরিচালক, এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (IFC), Bangladesh উদাহরণ দেন ।<br>সভায় Material Flow Cost Accounting (MFCA) বাস্তবায়নে APO যদি Expert দেয় তাহলে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) এর আওতাধীন নির্ধারিত ৩টি প্রতিষ্ঠানে এ কার্যক্রম সম্পাদন করার উপর গুরুত্বারোপ করা হয়। Material Flow Cost Accounting (MFCA) এর উপর APO হতে Expert নিয়োগের উদ্যোগ গ্রহণ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | | |
| ১৩। | শিল্প, সেবা ও কৃষি সেক্টরে উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ | এনপিও'র চলমান কার্যক্রমের পাশাপাশি শিল্প, সেবা ও কৃষি সেক্টরের উৎপাদনশীলতার লেভেল নির্ধারণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) পরবর্তী Labour Force Survey প্রকাশের পর সমীক্ষা পরিচালনা করা হবে এবং তা এনপিও ওয়েব সাইটে যথাসময়ে প্রকাশ করা হবে মর্মে সভায় জানানো হয়।<br>সভাপতি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর পরবর্তী Labour Force Survey প্রকাশের পর শিল্প সেবা ও কৃষি সেক্টরের উৎপাদনশীলতার লেভেল নির্ধারণের কার্যক্রম গ্রহণ করার উপর গুরুত্বারোপ করেন । | এনপিও'র চলমান কার্যক্রমের পাশাপাশি শিল্প, সেবা ও কৃষি সেক্টরের উৎপাদনশীলতার লেভেল নির্ধারণের জন্য Labour Force Survey প্রকাশের পর সমীক্ষা পরিচালনা করতে হবে । | পরিচালক, এনপিও |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ আব্দুল হালিম)
সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)

০৭-১১-২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত **জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)'র ১৮ তম** সভায় সম্মানিত সদস্যগণের উপস্থিতির তালিকা ও স্বাক্ষর:

| ক্র. নং | নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন, ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | লুৎফুন নাহার বেগম অতি: সচিব | শিল্প মন্ত্রণালয় | টেলিফোন: 01742969359<br>ই-মেইল: | [signature] ৭.১১.১৯ |
| | জিয়াউর রহমান খান যুগ্ম সচিব | শিল্প মন্ত্রণালয় | টেলিফোন: 01817585925<br>ই-মেইল: zrliton@yahoo.com. | |
| | মোঃ আব্দুল মান্নান (অতিরিক্ত সচিব) পরিচালক (প:উ) | বিসিক | টেলিফোন: 01759226470<br>ই-মেইল: dsabdulmannan@gmail.com | [signature] ৭.১১.১৯ |
| | [illegible] | [illegible] | টেলিফোন: [illegible]<br>ই-মেইল: [illegible]@gmail.com | [signature] |
| | মো: আলী আহসান পরিচালক (সমান্বি) | বিএসএফআইসি | টেলিফোন: 01730263699<br>ই-মেইল: mdahsan11@yahoo.com | [signature] ০৭/১১/১৯ |
| | মো: ইব্রাহিম মিয়া সহ-ব্যবস্থাপক (কারিগরী) | বিটিএমসি | টেলিফোন: 01714-582581<br>ই-মেইল: ibrahim.btmc81@gmail.com | [signature] ০৭/১১/১৯ |
| | AFROZA PARVEEN Director BWCCI | | টেলিফোন: 01912443395<br>ই-মেইল: afro308a@gmil.cm | [signature] |
| | | | টেলিফোন:<br>ই-মেইল: | |

০৭-১১-২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত **জাতীয় উৎপাদনশীলতা** কার্যনির্বাহী কমিটি **(এনপিইসি)'র ১৮ তম** সভায় সম্মানিত সদস্যগণের উপস্থিতির তালিকা ও স্বাক্ষর:

| ক্র. নং | নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন, ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | নারায়ন চন্দ্র দেবনাথ - পরিচালক (অতি: সচিব) | বিএসটিআই | টেলিফোন: 01717367765<br>ই-মেইল: narayn5343@gmail.com | [signature] 7/11/19 |
| ২ | মীর জহুরুল ইসলাম অতিরিক্ত সচিব ও পরিচালক (অর্থ) | বিএসএফআইসি | টেলিফোন: 029580655[illegible]<br>ই-মেইল: cbsfic@gmail.com<br>bsficdf@gmail.com | [signature] |
| ৩. | মো: শাহীন আহমেদ পরিচালক (উপ: ৩ নম্বর:) | B eee | টেলিফোন: 01730325404<br>ই-মেইল: skamalhp@gmail.com | [signature] 07.11.19 |
| ৪. | সামিউর রহমান খান, SDG Coordinator | ~~MCCI~~ BEF | টেলিফোন: 01770156668<br>ই-মেইল: samiur.khan@mccibd.org | [signature] 07.11.19 |
| ৫. | এম. আতিকুর রহমান ডে. প্রতিনিধি | MCCI Dhaka. | টেলিফোন: 01914-613942<br>ই-মেইল: [illegible]_53@yahoo.com | [signature] 07/11/19 |
| ৬. | মোহাম্মদ আনিসুর রহমান মহা ব্যবস্থাপক (উৎপাদন) | BSFIC | টেলিফোন: 01718179728<br>ই-মেইল: production bsfic@yahoo.com | [signature] ৭/১১/১৯ |
| ৭. | মোছাম্মৎ ফাতেমা বেগম | NPO | টেলিফোন: 01557386706<br>ই-মেইল: fatamabegumnpo@gmail.com | [signature] |
| ৮. | মো: নাজমুল হক প্রধান | BSEC | টেলিফোন: 01720095738<br>ই-মেইল: bsecheadoffice@gmail.com | [signature] 7.11.19 |